

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
বিসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স ভবন (৮ম তলা),
প্লট-১/১, সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬।
www.boiler.gov.bd



নম্বর: ৩৬.১১.০০০০.০০০.০০১.০৬.০০৬৪.২৬.৮৩৮

তারিখ: ২৩/০৮/২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বয়লার পরিচালনা লাইসেন্স (গ্রেড-৩) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েবসাইট (www.boiler.gov.bd) হতে আবেদন ফরম (ফরম-ব) ডাউনলোড করে পূরণপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ আগামী ৩০/০৮/২০২৬ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০২। আবেদনকারীর যোগ্যতাঃ

- (ক) প্রার্থীর বয়স ১৫ আগস্ট, ২০২৬ তারিখে ন্যূনতম ১৯ (উনিশ) বছর হতে হবে;
- (খ) অনূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;
- (গ) তালিকাভুক্ত প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক অনুমোদিত কারিকুলামে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (ঘ) বয়লারে শিক্ষানবিশ হিসাবে অনূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত সত্যায়িত দলিলাদি দাখিল করতে হবেঃ

- (ক) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;
- (খ) শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি;
- (গ) অভিজ্ঞতা সনদের অনুলিপি;
- (ঘ) প্রশিক্ষণ সনদের অনুলিপি;
- (ঙ) পাসপোর্ট সাইজের ছবি (৩ কপি); এবং
- (চ) নির্ধারিত কোডে (১৪২২৩২৬) পরীক্ষার ফি (৩০০০/- টাকা) প্রদানের প্রমাণক বা ট্রেজারি বা অটোমেটেড চালানের কপি।

০৪। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(প্রকৌশলী মো: ফজলে রাব্বি)

উপ-প্রধান বয়লার পরিদর্শক (চলতি দায়িত্ব)

ও

সদস্য-সচিব

পরীক্ষক কমিটি

ফোন: +৮৮০২৪৮০৪০৩৭৪

E-mail: dcibho@boiler.gov.bd

বিশেষ দৃষ্টব্য:

- ১। আবেদন ফরম ডাকযোগে প্রেরণ করতে হবে, সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়।
- ২। কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে আবেদন বাতিল হবে এবং ক্ষেত্র বিশেষে, প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে।
- ৩। বয়লার বিধিমালা, ২০২৫ এর তফসিল-১ এ বর্ণিত বিষয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ৪। যোগ্য ও অযোগ্য প্রার্থীদের তালিকা এবং পরীক্ষার স্থান ও তারিখ এ কার্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ৫। আবেদন বাতিল হলে বা পরীক্ষায় অংশগ্রহণ না করলে স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষার ফি বাতিল বলে গণ্য হবে।
- ৬। এতদসঙ্গে এ কার্যালয়ের স্মারক নং- ৩৬.১১.০০০০.০০০.০০১.০৬.০০৬৪.২৬.৮২৭ তারিখ: ১০/০৮/২০২৬ এর মাধ্যমে জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল করা হলো।